PG Odd Semester Examination, 2022

BENGALI

(1st Semester)

Course No.: BNGCC-502

(প্রাচীন ও মধ্যযুগের বাংলা সাহিত্য)

Full Marks: 70

Pass Marks: 28

Time: 3 hours

The figures in the right margin indicate full marks for the question.

পার্শ্বস্থ সংখ্যা পূর্ণমান নির্দেশক

নিম্নলিখিত প্রশ্নগুলোর উত্তর দাও

ক-গুচ্ছ

১. (ক) ‘হাজার বছরের পুরাণ বাঙ্গালা ভাষায় বৌদ্ধগান ও দোহা’ সংকলনে হরপ্রসাদ শাস্ত্রী কয়টি বই অন্তর্ভুক্ত করেছিলেন? ‘চর্য্যাচর্য্যবিনিশ্চয়’ ছাড়া এই সংকলনের অন্তর্ভুক্ত যে-কোনো একটি বইয়ের নাম লেখো। ‘চর্যাপদ বাংলার নিম্নবর্গের লোকেদের জীবনভাষ্য।’ মন্তব্যটি গ্রহণযোগ্য কি না এ-বিষয়ে তোমার অভিমত দাও। ১+১+৮=১০

অথবা

(খ) চর্যাপদের টীকাকার কে? চর্যার প্রথম পদটির রচয়িতা কে? ২নং অথবা ৫নং চর্যার গূঢ়ার্থ বিশ্লেষণ করো। ১+১+৮=১০

২. যে কোনো একটি প্রশ্নের উত্তর দাও : ৪

(ক) চর্যাপদের সন্ধ্যাভাষা

(খ) নব চর্যাপদ

খ-গুচ্ছ

৩. (ক) 'চণ্ডীমঙ্গল' কাব্যে কালকেতু কোন্ নগর পত্তন করেছিলেন? কালকেতুর ওপর কোথাকার রাজা রুষ্ট হয়েছিলেন? এই কাব্যে কবি যে জীবনরসের পরিচয় দিয়েছেন, তা পর্যালোচনা করো। ১+১+৮=১০

অথবা

(খ) দেবীচণ্ডীর উল্লেখ রয়েছে এমন দুটি পুরাণের নামোল্লেখ করো। ''মুকুন্দ চক্রবর্তীর চণ্ডীমঙ্গল কাব্যে আদ্যন্ত দুঃখের চিত্র পরিলক্ষিত হলেও তাকে দুঃখবাদী কবি বলা যায় না।''— এই মন্তব্যটি গ্রহণযোগ্য কিনা বিচার করো। ২+৮=১০

৪. যে কোনো একটি প্রশ্নের উত্তর দাও : ৪

(ক) ভাঁড়ু দত্ত

(খ) কালকেতুর ভোজন দৃশ্য

গ-গুচ্ছ

৫. (ক) 'শ্রীকৃষ্ণকীর্তন' কাব্যের প্রকাশ কাল কত? 'রাধাবিরহ' অংশটিকে কে প্রক্ষিপ্ত বলেছেন? ''শ্রীকৃষ্ণকীর্তন কাব্যে রাধাচরিত্র অঙ্কনে ও তাঁর প্রেমচেতনার পরিণতির প্রত্যেকটির স্তরে নিপুণ আলোক সম্পাতনে বড়ুচণ্ডীদাস বিস্ময়কর কৃতিত্বের পরিচয় দিয়েছেন।''— রাধা চরিত্র অবলম্বনে মন্তব্যটি বিশদ করো। ১+১+৮=১০

অথবা

(খ) 'শ্রীকৃষ্ণকীর্তন' কাব্যের ভূমিকা কে লেখেন? কাব্যের বৃহত্তম খণ্ডের নাম কী? ''যেখানে শ্রীকৃষ্ণকীর্তন কাব্য শেষ সেখানে বৈষ্ণব পদাবলী শুরু।''— প্রথমনাথ বিশীর এই উক্তির নিরিখে শ্রীকৃষ্ণকীর্তন কাব্যের কাব্যসৌন্দর্য বিশ্লেষণ করো। ১+১+৮=১০

৬. যে কোনো একটি প্রশ্নের উত্তর দাও : ৪

(ক) শ্রীকৃষ্ণকীর্তন কাব্যের ঐতিহাসিক গুরুত্ব

(খ) শ্রীকৃষ্ণকীর্তন কাব্যের সাহিত্যমূল্য

ঘ-গুচ্ছ

৭. (ক) দ্বিতীয় বিদ্যাপতি কাকে বলা হয়? তিনি কোন পর্যায়ের শ্রেষ্ঠ কবি? এই পর্যায়ের পদ রচনায় তাঁর শ্রেষ্ঠত্ব সম্বন্ধে আলোচনা করো। ১+১+৮=১০

অথবা

(খ) জ্ঞানদাস কোন পর্যায়ের শ্রেষ্ঠ পদকর্তা? জ্ঞানদান কোন সময়ের কবি? ''জ্ঞানদাস চণ্ডীদাসের ভাবশিষ্য।''— এই মন্তব্যটি তোমার কাছে কতটুকু যুক্তিপূর্ণ বলে মনে হয়? সংক্ষেপে বিশ্লেষণ করো। ১+১+৮=১০

৮. টীকা লেখো (যে কোনো একটি) ৪

(ক) দ্বিতীয় বিদ্যাপতি

(খ) বৈষ্ণব পদাবলীতে জ্ঞানদাস

ঙ-গুচ্ছ

৯. (ক) রামপ্রসাদকে 'কালীকীর্তন' রচনার জন্য কে আদেশ করেন? কবির রাজা প্রদত্ত উপাধি কী ছিল? রামপ্রসাদী 'মালসী'র আত্মভাষণে 'আমূল সমাজ-প্রোথিত কবিব্যক্তিত্বে'র যে পরিচয় ফুটে ওঠে, গায়কের সৃষ্টি-আলোচনায় তা স্পষ্ট করো। ১+১+৮=১০

অথবা

(খ) কবি কমলাকান্তের পিতা, মাতার নাম লেখো। কমলাকান্তের জীবনালোচনা ক্রমে তাঁর মাতৃসঙ্গীতের বিশেষত্ব নিরূপণ করো। ২+৮=১০

১০. টীকা লেখো (যে কোনো একটি) ৪

(ক) শাক্ত পদাবলী

(খ) কমলাকান্তের আগমনী সঙ্গীতের রস-নিবিড়তা